বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

"শিক্ষা নিয়ে গড়ব দেশ, শেখ হাসিনার বাংলাদেশ"

BANGLADESH OPEN UNIVERSITY

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল

গাজীপুর-১৭০৫।

মুজিব শতবর্ষ ১০০

এমএ এবং এমএসএস প্রোগ্রাম (১ম পর্ব ঃ ১ বছর মেয়াদি)

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২০-২০২১

এমএ (বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ) এবং এমএসএস (সমাজতত্ত্ব, রাষ্ট্রবিজ্ঞান)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন বাংলা ভাষা ও সাহিত্য, সমাজতত্ত্ব, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ বিষয়ে দুই বছর মেয়াদি এমএ এবং এমএসএস প্রোগ্রামের ১ম পর্বে ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। শিক্ষার্থীদের ক্লাস বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত হবে। প্রতি কোর্সের ০৮টি টিউটোরিয়াল ক্লাস ১ম শুক্রবার ও ৩য় শুক্রবার সরাসরি এবং প্রতি কোর্সের ০৮টি টিউটোরিয়াল ক্লাস ২য় শুক্রবার ও ৪র্থ শুক্রবার অনলাইনে পর্যায়ক্রমে অনুষ্ঠিত হবে। তবে প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অনলাইনে গ্রহণ করা হবে (প্রতিটি ক্লাসের সময় হবে ০১ ঘণ্টা)। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃগোষ্ঠীর জন্য সংরক্ষিত থাকবে। উল্লেখযোগ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবে।

বৈশিষ্ট্যসমূহ

- ডিগ্রি অর্জনের জন্য একজন শিক্ষার্থীকে প্রথম বছরে (১ম পর্ব/প্রিলিমিনারি) দুই সিমেস্টারে ১২টি কোর্স (প্রতি কোর্স ০৩ ক্রেডিট) এবং দ্বিতীয় বছরে (শেষ পর্ব) দুই সিমেস্টারে ১০টি কোর্স (প্রতি কোর্স ০৪ ক্রেডিট) সম্পন্ন করতে হবে।
- প্রতি শিক্ষাবর্ষ ৬ মাস মেয়াদি ২টি সিমেস্টারে বিভক্ত। প্রথম পর্বের প্রতি সিমেস্টারে ৬টি এবং শেষ পর্বের প্রতি সিমেস্টারে ৫টি করে কোর্স থাকবে। তবে একজন শিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রতি সিমেস্টারে সর্বনিম্ন ৩টি কোর্সে রেজিস্ট্রেশন করতে হবে।
- উল্লেখ্যযোগ্য, এমএ এবং এমএসএস **ডিগ্রি অর্জন করতে হলে** ০২ (দুই) বছরে মোট ২২টি কোর্স (৭৬ ক্রেডিট) সম্পন্ন করতে হবে। এ রেজিস্ট্রেশনের মেয়াদ ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বহাল থাকবে।

আবেদনের যোগ্যতা

- ০৩ (তিন) টি পাবলিক পরীক্ষা যথাক্রমে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান এবং বিএ/ বিএসএস/ বিকম/বিএসসি/সমমান পরীক্ষার যে কোনো দু'টিতে ন্যূনতম ২য় বিভাগ বা ২.৫০ জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীগণ আবেদন করতে পারবে। যে কোনো গ্রুপে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে।

ভর্তি সংক্রান্ত তথ্য

শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।

আবেদনের তারিখ	: ২৮ জানুয়ারি, ২০২১ থেকে ১৮ মার্চ, ২০২১ পর্যন্ত।
লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা প্রকাশ	: ২৮ মার্চ, ২০২১।
লিখিত পরীক্ষার স্থান	: ৩০ মার্চ, ২০২১ এর পর বাউবি'র ওয়েব সাইট এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্র ও রাজশাহী আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
লিখিত পরীক্ষার তারিখ ও সময়	: ০২ এপ্রিল, ২০২১, শুক্রবার; সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত।
লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ	: ০৭ এপ্রিল, ২০২১। (বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে)
সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান	: ১৮ এপ্রিল, ২০২১ থেকে ২০ এপ্রিল, ২০২১ পর্যন্ত; সকাল ৯.০০ টা থেকে শুরু হবে; ডিন অফিস, এসএসএইচএল, বাউবি'র মূল ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫। ২৬ এপ্রিল, ২০২১ সকাল ৯.০০ টা থেকে শুরু হবে; রাজশাহী আঞ্চলিক কেন্দ্র, নওহাটা, পবা, রাজশাহী।
বিষয় ভিত্তিক মেধা তালিকা প্রকাশ	: ০৩ মে, ২০২১।
ভর্তি	: ০৬ মে, ২০২১ থেকে ৩১ মে, ২০২১ পর্যন্ত।

ভর্তি পরীক্ষা পদ্ধতি:

- বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- প্রশ্নের মান বণ্টন: বাংলা-২৫, ইংরেজি-২৫, বাংলাদেশ বিষয়াবলি-২৫, আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- পাস নম্বর: ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০।

আবেদন প্রক্রিয়া: Online (http://osaps.bou.edu.bd)- এ প্রদত্ত তথ্য পূরণ করা শেষে SMS এর মাধ্যমে temporary user ID ও password পাওয়া যাবে। এরপর Payment Option- এ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও চার্জ/কমিশন বিকাশ/DBBL/শিওরক্যাশ-এর মাধ্যমে প্রদান করতে হবে। ট্রানজেকশন আইডি ও মোবাইল নম্বর নির্দিষ্ট স্থানে পূরণ করে Submit বাটনে ক্লিক করলে একটি SMS ও e-mail এ "payment successful" Message পাওয়ার মাধ্যমে Online আবেদন সম্পন্ন হবে। Successful SMS পাওয়ার ক্ষেত্রে কোনো রকম সমস্যা হলে, ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে OSAPS (Online service & payment system)-এর Helpline নম্বরে অবহিত করতে হবে। প্রয়োজনে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি, গাজীপুর-১৭০৫ বরাবর আবেদন করতে হবে। Online-এ ভর্তির আবেদন করার শেষ তারিখের ০৩ (তিন) কর্ম দিবসের পর কোনো অভিযোগ গ্রহণযোগ্য হবে না।Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদনপত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ **২৮ জানুয়ারি, ২০২১ থেকে ১৮ মার্চ, ২০২১** তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রের (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে এবং রাজশাহীর ক্ষেত্রে রাজশাহী আঞ্চলিক কেন্দ্রে (নওহাটা, পবা, রাজশাহী) জমা দিতে হবে। Online এ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য (http://osaps.bou.edu.bd)-এর Helpline- এ উল্লেখিত ফোনে অথবা স্ব স্ব আঞ্চলিক কেন্দ্রে যোগাযোগ করা যেতে পারে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিতদের তালিকা বাউবি'র ওয়েব সাইটে দেয়া হবে।

ভর্তি পদ্ধতি:

- মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ উপরিউক্ত বিষয়সমূহে (ঢাকা আঞ্চলিক কেন্দ্র) এবং সমাজবিজ্ঞান বিভাগ ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির জন্য নির্বাচিত হবেন।
- ভর্তি কমিটি কর্তৃক শিক্ষার্থী যে বিষয়ে মনোনীত হবেন সে বিষয় পরিবর্তন করা যাবে না।
- কোর্স ফি: প্রতি কোর্স ২,১০০ (দুই হাজার একশত) টাকা।
- রেজিস্ট্রেশন ফি: প্রতি সিমেস্টার ১,০০০ (এক হাজার) টাকা।
- পরীক্ষা ফি: প্রতি কোর্স ৪০০ (চারশত) টাকা।
- পুন:পরীক্ষা ফি: প্রতি কোর্স ৫০০ (পাঁচশত) টাকা।

ক্লাস শুরু: পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

- (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।)

Helpline :Available Time: 9:00 am to 1:00 pm; 01635832845, 01907451614
Available Time: 2:00 pm to 6:00 pm; 01635832846, 01907451612

(অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি, ভর্তি কমিটি